রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে যখনই দু’টি জিনিসের একটি গ্রহণের ইখতিয়ার দেওয়া হতো, তখন তিনি অধিকতর সহজ সরলটি গ্রহণ করতেন যদি তা গোনাহ না হতো। যদি গোনাহ হতো তবে তা থেকে তিনি অনেক দূরে সরে থাকতেন

উম্মুল মু’মিনীন ‘আয়িশাহ রদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে যখনই দু’টি জিনিসের একটি গ্রহণের ইখতিয়ার দেওয়া হতো, তখন তিনি অধিকতর সহজ সরলটি গ্রহণ করতেন যদি তা গোনাহ না হতো। যদি গোনাহ হতো তবে তা থেকে তিনি অনেক দূরে সরে থাকতেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ব্যক্তিগত কারণে কারো থেকে কখনো প্রতিশোধ গ্রহণ করেন নি। তবে
আল্লাহর নির্ধারিত সীমারেখা লঙ্ঘন করা হলে তখন আল্লাহ তা‘আলার জন্যে প্রতিশোধ
নিতেন।”
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

মুমিনদের মা আয়েশা রাদিয়াল্লাহু আনহা নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর কিছু নীতি-নৈতিকতার কথা বর্ণনা করেছেন। তিনি যা উল্লেখ করেছিলেন তার মধ্যে ছিল যে, তাকে কখনও দু’টি জিনিসের মাঝে স্বাধীনতা দেওয়া হয়নি যার সহজটা তিনি গ্রহণ করননি, যদি সহজটি পাপ না হত, পাপ হলে তিনি তা থেকে সবচেয়ে দূরে থাকতেন তারপর গুরুতরটা বেছে নিতেন। নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম নিজের জন্য প্রতিশোধ নিতেন না, বরং তিনি তার অধিকার ক্ষমা করে দিতেন, যদি না আল্লাহর সীমা লঙ্ঘিত হয়, তখন তিনি আল্লাহর জন্য প্রতিশোধ নিতেন। তিনি আল্লাহর জন্য সবচেয়ে বেশি গোস্বাকারী ছিলেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/6389